

সিলভার ডায়ামাইন ফ্লুরাইড: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

সিলভার ডায়ামাইন ফ্লুরাইড কী?

সিলভার ডায়ামাইন ফ্লুরাইড (silver diamine fluoride, SDF) হল একটি তরল ওষুধ যা দাঁতের ছিদ্রের চিকিৎসায় ব্যবহৃত হয়। SDF চিকিৎসা একটি চট-জলদি, ব্যথাহীন চিকিৎসা এবং তা একজন দন্তচিকিৎসক করে থাকেন।

SDF চিকিৎসার উপকারিতাগুলি কী কী?

SDF তৎক্ষণাৎ দাঁতের ছিদ্রকে অভেদ্য করে তোলে এবং অবস্থার অবনতি হওয়া থেকে আটকায়। SDF চিকিৎসা চলাকালীন, একটি ছোট ব্রাশের সাহায্যে তরল পদার্থ দাঁতের ছিদ্রের মধ্যে দেওয়া হয়। SDF চিকিৎসা আরও অল্পপ্রয়োগজনিত চিকিৎসার (যেমন, ছিদ্র বন্ধ করা, ক্রাউন বসানো এবং দাঁত তুলে ফেলা) প্রয়োজনীয়তা রোধ করতে পারে। এটি সেই সব শিশুদের জন্যও একটি ভাল বিকল্প যারা খুব সীমিত দাঁতের যত্ন নেবার সুযোগ পায় বা যাদের পক্ষে দাঁতের চিকিৎসা সহ্য করাটা কষ্টকর। কোন ইনজেকশন দেবার বা ফুটো করার দরকার পড়ে না।

SDF চিকিৎসা কি নিরাপদ?

হ্যাঁ, SDF চিকিৎসা নিরাপদ এবং এর কোন ক্ষতিকর প্রভাব আছে বলে জানা নেই। SDF চিকিৎসা সেই সব ব্যক্তিদের জন্য ব্যবহার করা উচিত নয় যাদের রূপাজনিত অ্যালার্জি আছে, অথবা যাদের মুখে ঘা বা কাটা রয়েছে।

SDF চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কী কী?

SDF চিকিৎসার ফলে দাঁতের ছিদ্রগুলিতে দাগ থেকে যেতে পারে। ছিদ্রগুলিকে অনেক সময় নরম আর বাদামি রংয়ের দেখতে হয়। SDF চিকিৎসা দাঁতের ছিদ্রগুলিকে অভেদ্য করে তোলে এবং জায়গা কালো হয়ে ওঠে (যা প্রমাণ করে SDF কাজ করছে)। ভবিষ্যতে এই কালো দাগকে দাঁত রং করার পদার্থ দিয়ে ঢাকা যেতে পারে।

দাঁতের সুস্থ অংশগুলির রং বদলায় না।

বিরল ক্ষেত্রে, স্বকে বা মাড়িতে SDF পড়ে গেলে একটি ছোট, অস্থায়ী দাগ তৈরি করে যা মাত্র কয়েকদিনই থাকে।



SDF চিকিৎসার আগের (বাঁদিকের ছবি) এবং পরের (ডানদিকের ছবি)।

SDF প্রয়োগের পর কি আমি খেতে বা পান করতে পারি?

হ্যাঁ, প্রয়োগের পর SDF এক মিনিটের মধ্যেই বসে যায়। আপনি অল্প কিছুক্ষণের মধ্যে খাওয়া-দাওয়া করতে পারেন।

SDF চিকিৎসা কি আমার শিশুর জন্য ভাল?

SDF ব্যবহার করে চিকিৎসা করা দাঁত নিয়মিতভাবে একজন দন্তচিকিৎসককে দিয়ে পরীক্ষা করানো উচিত। SDF চিকিৎসা দাঁতের ছিদ্রগুলিকে বড় হওয়া থেকে আটকায় ঠিকই, কিন্তু এটি দাঁতে যে ছিদ্র তৈরি হয়ে যায় তা সারিয়ে তুলতে পারে না। SDF চিকিৎসার পর কিছু কিছু দাঁতের ক্ষেত্রে স্থায়ী চিকিৎসা হিসেবে তার ছিদ্র ভরাট করার বা ক্রাউন লাগাবার দরকার পড়ে। দাঁতের পরবর্তী চিকিৎসায় গিয়েও SDF আবার প্রয়োগের প্রয়োজন হতে পারে।

SDF চিকিৎসা দাঁতে নতুন করে ছিদ্র হওয়া প্রতিরোধ করবে না। রোগী যদি তার অভ্যেসে বদল না আনেন, তাহলে দাঁতে নতুন নতুন ছিদ্র তৈরি হওয়া চলতেই থাকবে। রোগীকে রোজ দু'বার করে তার দাঁত মাজতে, চিনি মিশ্রিত খাদ্য ও পানীয় না খেতে এবং নিয়মিতভাবে দাঁতের ডাক্তার দেখাতে পরামর্শ দেওয়া হয়।

SDF চিকিৎসা কি দন্তচিকিৎসা বিমার আওতাভুক্ত?

SDF চিকিৎসা নিউ ইয়র্ক রাজ্যের Medicaid-এ অন্তর্ভুক্ত রয়েছে। জনস্বাস্থ্য বিমার জন্য কীভাবে সাইন-আপ করতে হবে সে ব্যাপারে আরও তথ্যের জন্য অথবা আপনার নিকটবর্তী কম খরচের দন্তচিকিৎসকের সন্ধান পেতে **311** নম্বরে কল করুন।

মুখের স্বাস্থ্য সংক্রান্ত আরও তথ্যের জন্য nyc.gov/health/teeth দেখুন।